

CHARITY
COMMISSION

সাহায্য করুন সিরিয়াকে নিরাপদ ভাবে

যেসব রেজিস্ট্রিকৃত দাতব্য সংস্থাগুলির বিপজ্জনক ও অসুরক্ষিত পরিবেশে কাজ করার অভিজ্ঞতা আছে সেইগুলিকে অনুদান দিন

আরো তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট
www.charitycommission.gov.uk/7772 দেখুন

নিরাপদ ভাবে সিরিয়াকে অর্থসাহায্য দেওয়ার বিষয়ে পরামর্শ

সিরিয়ায় সংঘাতে প্রভাবিত জনসাধারণকে সাহায্য করার জন্য, মানবিক সহায়তার প্রকৃত ও সবিশেষ প্রয়োজন দেখা দিয়েছে। আমরা চাই লোকেরা উদারচিত্তে অর্থসাহায্য দেওয়া বজায় রাখুক এবং তাদের এই অর্থসাহায্য যে বাস্তবিক অভাবগ্রস্তদের কাছে পৌঁছাচ্ছে সে বিষয়ে তারা নিশ্চিত থাকুক। অত্যন্ত বিপজ্জনক, অসুরক্ষিত এবং ভয়াবহ পরিবেশে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন রেজিস্ট্রিকৃত দাতব্য প্রতিষ্ঠানগুলিতে অর্থসাহায্য দিলে আপনি নিশ্চিত হতে পারবেন যে আপনার অর্থসাহায্য সত্যিই সদ্ব্যবহার করা হবে।

আমরা জানি দুর্ভাগ্যবশত এমন কিছু লোক রয়েছে যারা চ্যারিটি সমূহের সুনাম ও কাজের অপব্যবহার করে এবং জালিয়াতির মাধ্যমে অপরাধমূলক কাজের উদ্দেশ্যে অর্থসাহায্যগুলি সরিয়ে নেয়। আপনার অর্থ সঠিক স্থানে পৌঁছাচ্ছে কিনা সে বিষয়ে নিশ্চিত হতে আপনি এই কাজগুলি করতে পারেন:

- অর্থপ্রদান করার আগে, যাচাই করে নিন ঐ দাতব্য সংস্থাটি চ্যারিটি কমিশনের কাছে রেজিস্ট্রিকৃত কিনা, এর জন্য অনলাইনে www.charitycommission.gov.uk এ গিয়ে, রেজিস্টার অফ চ্যারিটিসে ঐ দাতব্য সংস্থার নাম ও/বা রেজিস্ট্রিকৃত নম্বর লিখে দেখুন ('ফাইন্ড চ্যারিটিস' এ ক্লিক করুন)।
- প্রকৃত দাতব্য সাহায্য সংগ্রহকারীর কাছে পরিচয়সূচক ব্যাজ থাকবে, তিনি বৈধ স্থানীয় কর্তৃপক্ষ বা পুলিশের লাইসেন্স দেখাতে পারবেন, তার কাছে সীলবন্ধ সংগ্রহ করার পত্র থাকবে এবং তিনি প্রমাণ করতে পারবেন যে অর্থসংগ্রহ করার জন্য তার কাছে ঐ দাতব্য সংস্থার অনুমতি আছে।
- সংগ্রহ করার খাম বা কাপড়ের ব্যাগ সমেত দলিলপত্রে ভুল ব্যাকরণ ও বানান সম্বন্ধে সতর্ক থাকবেন।
- ইমেলের উত্তর দেওয়ার সময় বা তার মধ্যে লিংকগুলিতে ক্লিক করার সময় সাবধান থাকবেন। সন্দেহজনক ইমেলে "ক্লিক" করবেন না। আপনি যদি অনলাইনে অর্থপ্রদান করতে চান তাহলে আপনার হোমপেজ থেকে ঐ দাতব্য সংস্থার ওয়েবসাইটের ঠিকানা টাইপ করবেন।
- যদি কোন অর্থসাহায্যের অনুরোধের বৈধতার বিষয়ে আপনার কোনরকম দ্বিধা দূর্শ্চিন্তার কারণ থাকে, তাহলে সরাসরি ঐ দাতব্য সংস্থায় যোগাযোগ করতে দ্বিধা করবেন না। যেখানে যোগাযোগের বিবরণ দেওয়া হয় না তেমন আবেদন সম্বন্ধে সতর্ক থাকবেন। আপনি দাতব্য সংস্থাগুলিকে যোগাযোগ করার সঠিক বিবরণ তাদের ওয়েবসাইটে অথবা রেজিস্টার অফ চ্যারিটিসে পাবেন, এটা চ্যারিটি কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে।
- যদি আপনার দ্বিধা হয় যে আপনি প্রতারক চাঁদা সংগ্রহ করার চক্রান্তের শিকার হয়েছেন তাহলে আপনার 0300 123 2040 এ ফোন করে অ্যাকশন ফ্রুডে জানালা উচিত বা www.actionfraud.police.uk দেখা উচিত।